Programmer
GEMS: এ আপলোড করুন
বাংলা লিখ
২৪/১/২৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেলপথ মন্ত্রণালয়
প্রশাসন-৩ শাখা
www.mor.gov.bd

নম্বর- ৫৪.০০.০০০০.০২৩.২৭.০০২.২৩-৪০

তারিখ: ০৮ আষাঢ় ১৪৩৩
২২ জুন ২০২৬

# অফিস আদেশ

জনাব এ এম এম শাহনেওয়াজ, বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, মহাপরিচালকের কার্যালয়, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা [প্রাক্তন প্রধান বাণিজ্যিক কর্মকর্তা (পশ্চিম), রাজশাহী]-এর বিরুদ্ধে রেলপথ মন্ত্রণালয়ের ১৪.১২.২০২১ তারিখের ৫৪.০০.০০০০.০২৩.২৭.০০২.২১-২৭২ নম্বর প্রজ্ঞাপনমূলে 'বেতন গ্রেডের নিম্নতর ধাপে অবনমিতকরণ' লঘুদন্ড এবং ১৩.১১.২০২৩ তারিখের ৫৪.০০০.০০০০.০২৩.২৭.০০২.২৩-৩২ নম্বর প্রজ্ঞাপনমূলে "নিম্নবেতন গ্রেডে অবনমিতকরণ" গুরুদন্ড আরোপ করা হয়।

০২। পরবর্তীতে উক্ত কর্মকর্তা কর্তৃক দণ্ডাদেশসমূহ প্রত্যাহারের আবেদন করলে বিষয়টি পর্যালোচনায় দেখা যায় যে, দণ্ডাদেশসমূহে দণ্ডের মেয়াদ এবং সংশ্লিষ্ট অন্যান্য শর্তাবলি সুস্পষ্টভাবে উল্লেখ করা হয়নি। দণ্ডাদেশে দণ্ডের মেয়াদ এবং অবনমিতকরণের অন্যান্য শর্তাবলি সুস্পষ্টভাবে উল্লেখ না থাকায় বিষয়টি স্পষ্টীকরণের জন্য বিএসআর পার্ট-১ এর বিধি ৫২(১)(খ)-এর আলোকে নিম্নরুপভাবে পর্যালোচনা করা হয়েছেঃ

"নিম্নপদ বা নিম্নবেতন গ্রেডে অবনমিতকরণ" দণ্ডের ক্ষেত্রে অবনমিতকরণের মেয়াদ উল্লেখ না থাকলে সংশ্লিষ্ট কর্মচারী অবনমিতকরণের পূর্ববর্তী চাকরিকাল এবং অবনমিতকাল বার্ষিক বেতন বৃদ্ধির জন্য গণনা করিতে পারিবেন;

০৩। এমতাবস্থায়, বিএসআর পার্ট-১ এর বিধি ৫২(ক)-এর বিধান অনুযায়ী ১৪.১২.২০২১ তারিখের ৫৪.০০০.০০০০.০২৩.২৭.০০২.২১-২৭২ নং স্মারকমূলে আরোপিত "বেতন গ্রেডের নিম্নতর ধাপে অবনমিতকরণ" লঘুদণ্ডের মেয়াদ ৩০.০৬.২০২২ তারিখে এবং বিএসআর পার্ট-১ এর বিধি ৫২(১)(খ)-এর বিধান অনুযায়ী ১৩.১১.২০২৩ তারিখের ৫৪.০০০.০০০০.০২৩.২৭.০০২.২৩-৩২ নং স্মারকমূলে আরোপিত "নিম্নবেতন গ্রেডে অবনমিতকরণ" গুরুদণ্ডের মেয়াদ ৩০.০৬.২০২৪ তারিখে সমাপ্ত হয়েছে।

০৪। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

22/06/2026

(মো: ফাহিমুল ইসলাম)
সচিব

নম্বর- ৫৪.০০.০০০০.০২৩.২৭.০০২.২৩-৪০/১(১৮)

তারিখ: ০৮ আষাঢ় ১৪৩৩
২২ জুন ২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১.০। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২.০। মাননীয় প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩.০। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪.০। সচিব, জনবিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, ঢাকা।
৫.০। সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।
৬.০। পরিবহন কমিশনার, সরকারি যানবাহন অধিদপ্তর, ঢাকা।
৭.০। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
৮.০। পরিচালক, সরকারি আবাসন পরিদপ্তর, ঢাকা।

৯.০। অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
১০.০। মহাব্যবস্থাপক (পূর্ব/পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম/রাজশাহী।
১১.০। মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
১২.০। প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
১৩.০। সচিবের একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
১৪.০। উপসচিব (প্রশাসন ১/৫), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
১৫.০। সিনিয়র সিস্টেম এনালিস্ট, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশ করার অনুরোধসহ)।
১৬.০। এলএএন্ডসিও (পূর্ব/পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম/রাজশাহী।
১৭.০। উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা [পরবর্তী গেজেটে প্রকাশ এবং প্রকাশিত গেজেটের ০৫ (পাঁচ) কপি নিম্ন স্বাক্ষরকারী বরাবর (কক্ষ ৬২৮, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা) প্রেরণের অনুরোধ করা হলো।]
১৮.০। জনাব এ এম এম শাহনেওয়াজ, বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, মহাপরিচালকের কার্যালয়, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।

২২/০৬/২৬

(সুফল চন্দ্র গোলদার)
সিনিয়র সহকারী সচিব